| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো. | ০২) সভায় উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, তেরখাদা উপজেলার সাচিয়াদাহ ইউনিয়নে পাতলা পুলিশক্যাম্প এর পার্শ্বে ইন্দহাটি খালের উপর অবস্থিত কালভার্ট ব্রীজটি একটি জনগুরুত্বপূর্ন কালভার্ট। ব্রীজটি দির্ঘ্য দিনের পুরাতন হওয়ায় ব্রীজের টপস্লাব ক্ষতিগ্রস্থ্য হয়ে যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি হওয়ায় খুলনা- ৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয়ের নির্দেশনা মোতাবেক ব্রীজটি সংস্কার করা হয়েছে। বার্ষিক উন্নয়ন তহবিল বা অন্যকোন খাতে অর্থ বরাদ্দ না থাকায় সংশ্লিষ্ট ঠিকাদার মেসার্স হাজী এন্ড সন্স এর অনুকূলে বিল পরিশোধ করা সম্ভব হয় নাই। তিনি বলেন ব্রীজটি সংস্কারে ০৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | ০২) উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বার্ষিক উন্নয়ন তহবিলে বরাদ্দ না থাকায় ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের উন্নয়ণ তহবিল হতে সংশ্লিষ্ট ঠিকাদার মেসার্স হাজী এন্ড সন্স এর অনুকুলে আরএফকিউ পদ্ধতিতে বিলটি পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৩ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, এ উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতির সংখ্যা ২৬,৬১৩, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-২০,৬৭০, পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর)-৭৭.৬৮%, গর্ভবতী-৯৩৫ জন, অগ্রহণকারী-৫৯৪১ জন। তিনি জানান চলতি মাসে ৩৯ জনকে ইমপ্লান্ট, ০৫ জনকে আইইউডি, ০৪ জনকে টিউবেকটমি সেবা প্রদান করা হয়েছে। তিনি বলেন মা ও শিশু স্বাস্থ্য এবং সাধারণ রোগী সেবার আওতায় ০১ জনকে স্বাভাবিক প্রসব সেবা, ৭০৪ জন শিশু, ৩০৮ জন গর্ভবতী, ২৮০ জন কিশোর কিশোরী এবং ২৫৪১ জন সাধারন রোগীকে চিকিৎসা এবং পরামর্শ সেবা দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে এবং স্বাস্থ্য শিক্ষা কার্যক্রমের মাধ্যমে গ্রামে গ্রামে উদ্বুদ্ধকরণ চলমান রয়েছে। মাঠ পর্যায়ে সেবাগ্রহীতাদের এনালগ ডাটা রেজিস্টারের পরিবর্তে ট্যাবের মাধ্যমে ই-রেজিস্টারে রূপান্তরের কাজ চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৪ | জীপগাড়ি মেরামত | সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ সকলের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন, উপজেলা পরিষদের জীপ গাড়িটি দির্ঘ্যদিনের পুরাতন হওয়ায় জীপ গাড়ি টি ইন্টেরিয়র ডেকরেশন যেমন ছিট কাভার, কুশন ইত্যাদি ক্রয় করা প্রয়োজন এবং মাঝে মাঝে যান্ত্রিক ত্রুটি দেখা দেয়ায় তা মেরামত করা প্রয়োজন. তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামতরে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | উপজেলা পরিষদের আবাসিক ভবন সংক্রান্ত | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় সকলের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন, উপজেলা পরিষদের যে সকল আবাসিক ভবন রয়েছে তা অত্যান্ত ঝুকিপূর্ন এবং বসবাসের অনুপযোগী। উপজেলা পরিষদের এ সব ভবনের মধ্যে কপতাক্ষ,পদ্মা মেঘনা, ভৈরব, যমুনা, রূপসা ও ডরমেটরি ভবন পরিত্যাক্ত হিসেবে ঘোষনা করার জন্য অনুরোধ জানান এবং নতুন ভবন নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের অনুরোধ জানান। তিনি আরও বলেন এ সকল ভবন ধসে যে কোন সময় বড়ধরনের দূর্ঘটনা ঘটার সম্ভবনা রয়েছে। তিনি এ সকল পরিত্যাক্ত ভবন সমূহ অকেজ ঘোষনা করতঃ নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থ গ্রহণের জন্য এবং এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জরাজির্ণ পরিত্যাক্ত আবাসিক ভবন সমূহ অকেজ ঘোষনা করা হয় এবং নিলামে বিক্রয়ের নিমিত্ত উপজেলা প্রকৌশলীকে প্রকলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানিয়ে সর্মসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা |

